

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮২৮

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ আবু বকর সিদ্দীক (রাঃ) এর মাহাত্ম্য

আরবী

বাংলা

(২৮২৮) ইবনে আব্বাস (রাঃ) বলেন, উমারকে তাঁর খাটে রাখা হল। লোকেরা তাঁকে কাফন পরাল, তাঁর জন্য দু'আ করতে লাগল, তাঁর প্রশংসা করতে লাগল। তাঁর জানাযা হল। অতঃপর তাঁকে উঠানো হল। আমি তাদের মধ্যেই ছিলাম। ইতিমধ্যে পিছন থেকে আমার বাহুমূলে ধরে আমাকে এক ব্যক্তি চমকে দিল। আমি পিছন ফিরে তাকিয়ে দেখি, আলী। তিনি উমারের জন্য রহমতের দু'আ করলেন এবং (তাঁকে সম্বোধন ক'রে) বললেন, 'আপনি এমন কাউকে ছেড়ে যাননি, যে আমার নিকট আপনার চাইতে বেশী প্রিয় হবে, যার মতো আমল নিয়ে আমি আল্লাহর সাথে সাক্ষাৎ করব। আল্লাহর কসম! আমি ধারণাই করতাম যে, আল্লাহ আপনাকে আপনার দুই সঙ্গীর সঙ্গে রাখবেন। যেহেতু আমি অনেকবার রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, আমি, আবৃ বকর ও উমার এলাম। আমি, আবৃ বকর ও উমার প্রবেশ করলাম। আমি, আবৃ বকর ও উমার বের হলাম। এই জন্য আমার আশা ও ধারণা এই যে, আল্লাহ আপনাকে উভয়ের পাশেই রাখবেন।'

ফুটনোট

(বুখারী ৩৬৮৫, মুসলিম ৬৩৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন